



সূত্র নং: ৩৬.০১.১৫০৪.৭০২.১১.০৮২.২২/৪০৫৪

তারিখ: ১৮/১২/২০২২ খ্রি.

বর্তমান ঠিকানা:

জনাব : মোহাম্মদ আমজাদুল ইসলাম
পিতা : মোহাম্মদ আবু তালেব
গ্রাম : ভাটিয়ারী
ডাকঘর : ভাটিয়ারী
উপজেলা : সীতাকুন্ড
জেলা : চট্টগ্রাম।

স্থায়ী ঠিকানা:

জনাব : মোহাম্মদ আমজাদুল ইসলাম
পিতা : মোহাম্মদ আবু তালেব
গ্রাম : বায়েবা
ডাকঘর : ঢালুয়া
উপজেলা : নাঙ্গলকোট
জেলা : কুমিল্লা।

বিষয়: “ইমাম” পদে নিয়োগপত্র।

জনাব,

আপনার আবেদন, পরবর্তীতে গৃহীত লিখিত পরীক্ষা ও মৌখিক সাক্ষাৎকারের ভিত্তিতে আপনাকে ডিএপিএফসিএল-এর “ইমাম” পদে জাতীয় বেতন স্কেল’২০১৫-এর ১৬তম গ্রেডে টাকা ৯৩০০-২২৪৯০/- বেতনক্রমে মাসিক মূল বেতন ৯৩০০/- টাকায় নিম্নবর্ণিত শর্তে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

- ১। বর্ণিত বেতন ছাড়াও আপনি কারখানা/সংস্থার নিয়মানুযায়ী বাড়ি ভাড়াভাতা, চিকিৎসাভাতা, বোনাসসহ আনুষঙ্গিক অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন।
- ২। ডিএপিএফসিএল হতে পুলিশ ভেরিফিকেশন ফরম সংগ্রহপূর্বক যথাযথভাবে পূরণ করে ০৩(তিন) সেট এবং সদ্যতোলা পাসপোর্ট সাইজের মোট ০৪(চার) কপি ছবি যোগদানের সময় দাখিল করতে হবে। পুলিশ ভেরিফিকেশন ফরম-এর প্রতি সেটের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদের ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, নাগরিকত্ব সনদের (ইউনিয়ন/পৌরসভা কর্তৃক প্রদত্ত) ফটোকপি জমা দিতে হবে। ছবিসহ সকল সনদ ও ডকুমেন্ট সরকারি বা স্বায়ত্তশাসিত সরকারি সংস্থার প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।
- ৩। যথাযথ এজেন্সি বা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক যাচাইক্রমে দাখিলকৃত প্রতিবেদন সন্তোষজনক না হলে অথবা আপনার বিষয়ে বিরূপ মন্তব্য থাকলে অথবা অসত্য তথ্য উপস্থাপিত হলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ সাময়িক নিয়োগ বাতিল হবে।
- ৪। আপনাকে কাজে যোগদানের সময় কারখানার/কর্তৃপক্ষের পরামর্শ মোতাবেক চিকিৎসকের নিকট হতে স্বাস্থ্য বিষয়ক প্রমাণপত্র দাখিল করতে হবে।
- ৫। নিয়োগের প্রথম অবস্থায় আপনি ০৬(ছয়) মাসের জন্য আবেক্ষাধীন থাকবেন। আপনার কর্মদক্ষতা, আচার-আচরণ সন্তোষজনক না হলে এবং কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে এ আবেক্ষাধীনকাল আরও ০৬(ছয়) মাস পর্যন্ত বৃদ্ধি করতে পারবে। সন্তোষজনকভাবে আবেক্ষাধীনকাল সমাপ্ত করার পরই আপনার নিয়োগ স্থায়ী করা হবে।
- ৬। আপনার আবেদনপত্রের সাথে সংযুক্ত কাগজপত্রে প্রদত্ত কোন তথ্য এবং মুক্তিযোদ্ধা/এতিম ও প্রতিবন্ধী/ক্ষুদ্র নৃগোষ্ঠীসহ অন্যান্য কোটার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) যদি ভবিষ্যতে অসত্য/ভুল প্রমাণিত হয়, সেক্ষেত্রে আপনার নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ৭। সরকারি এবং বিসিআইসি’র জারিকৃত বিধি-বিধান ও প্রচলিত আইন মোতাবেক আপনার চাকরি নিয়ন্ত্রিত হবে।
- ৮। আপনি একই সাথে একাধিক প্রতিষ্ঠানে চাকরি কিংবা খন্ডকালীন চাকরি করতে পারবেন না।
- ৯। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে আপনার চাকরির শর্তাবলি বা দায়িত্বের প্রকৃতি পরিবর্তন করতে পারবে।
- ১০। যোগদানের পর ডিএপিএফসিএল-এ আপনাকে কমপক্ষে ০৩(তিন) বছর চাকরি করতে হবে। তবে কর্তৃপক্ষ সংস্থার অধীনস্থ যে কোন কারখানা/প্রতিষ্ঠান/প্রকল্পে আপনাকে বদলি করতে পারবে।
- ১১। কারখানা/সংস্থার প্রচলিত নিয়ম/সরকারি নির্দেশ মোতাবেক আপনি ছুটি প্রাপ্য হবেন।


চলমান পাতা-০২



-০২-

- ১২। ডিএপিএফসিএল কর্মচারী অছি তহবিলেরে নিয়মানুযায়ী আপনি উক্ত তহবিলের সদস্য হতে পারবেন এবং সুবিধাদি লাভ করবেন।
- ১৩। চাকরিতে যোগদানের সময় আপনাকে “নিজের জন্য বা পরিবারের অন্য সদস্যদের জন্য যৌতুক দিবেন না এবং যৌতুক নিবেন না” মর্মে অঙ্গীকারনামা প্রদান করতে হবে।
- ১৪। চাকরিতে যোগদানকালে আসা-যাওয়ার জন্য আপনি কোন টিএ/ডিএ প্রাপ্য হবেন না।
- ১৫। কারখানা/সংস্থার ব্যবসা বাণিজ্য/সম্পত্তি/গোপনীয় বিষয়/অন্যান্য বিষয়/তথ্য/গোপনীয় তথ্য ইত্যাদির ব্যাপারে আপনি প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে অন্যের কাছে/অন্যান্য সংস্থা বা কারখানার কাছে আলাপ/ফাঁস করতে পারবেন না।
- ১৬। যোগদানের সময় দাখিলের জন্য এ নিয়োগপত্রে নির্দেশিত সনদ/ অন্যান্য কাগজপত্র দাখিল করতে ব্যর্থ হলে আপনার যোগদানপত্র গৃহীত হবে না।
- ১৭। উপরিউক্ত শর্তাবলি ছাড়াও যে সকল বিষয়াদি উল্লেখ করা হয়নি সে সকল বিষয়ে সরকারি নির্দেশ/সংস্থার নির্দেশ/সংস্থা ও কারখানার নিয়ম/বিধি-বিধান অনুযায়ী আপনার চাকরি নিয়ন্ত্রিত হবে।

উপরিউক্ত শর্তাবলি আপনার নিকট গ্রহণযোগ্য হলে আপনাকে আগামী ০৮/০১/২০২৩ খ্রি.-এর মধ্যে ব্যবস্থাপনা পরিচালক, ডিএপিএফসিএল-এর বরাবরে যোগদানপত্র দাখিল করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায়, আপনার এই নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।


(মোঃ আলমগীর জলিল)
ব্যবস্থাপক (প্রশাসন)
ও
প্রশাসন বিভাগীয় প্রধান
ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে।

অনুলিপি:

১. সহঃ প্রশাসনিক কর্মকর্তা (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, ডিএপিএফসিএল।
২. বিভাগীয় প্রধান (হিসাব ও অর্থ), ডিএপিএফসিএল।
৩. ব্যক্তিগত নথি।
৪. দপ্তর নথি।